# জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং-০-৫(১৮)জাতীঃ বিঃ/পরী/অনার্স পার্ট-৪/২০১৪/২০২০/২০২১/৩০০৯ তারিখঃ ১২/১০/২০২১

## বিজ্ঞপ্তি

## (২০১৯ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অকৃতকার্য শিক্ষার্থীদের জন্য)

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের প্রণীত সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী ২০২০ সালের অনার্স ৪র্থ বর্ষ (বিশেষ) পরীক্ষায় সকল বিএ, বিএসএস, বিবিএ এবং বিএসসি পরীক্ষার্থীদের আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম **On-line** এর মাধ্যমে আগামী ১৯/১০/২০২১ ইং তারিখ থেকে শুরু হবে। এ সংক্রান্ত সকল তথ্যাদি নিম্নে প্রদত্ত হলো। ২০২১ সালের ডিসেম্বর মাসের শেষ সপ্তাহে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার বিস্তারিত সময়সূচী এবং অন্যান্য যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে পাওয়া যাবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স ৪র্থ বর্ষ (বিশেষ) পরীক্ষা-২০২০ বিষয়ক তথ্যাবলীর
ওয়েব সাইটঃ **www.nubd.info/honours**

০১। আবেদন ফরম পূরণ, বিবরণী ফরম জমাদানের সময়সূচী/নিয়মাবলী ঃ

| | | |
|---|---|---|
| ক) | আবেদনকারী পরীক্ষার্থীদের **On-line**এ আবেদন ফরম ডাউনলোড করার সময়সীমা ঃ | ১৯/১০/২০২১ থেকে ১১/১১/২০২১ তারিখ পর্যন্ত |
| খ) | আবেদন ফরম কলেজ কর্তৃক নিশ্চয়নের শেষ তারিখ ঃ | ১৩/১১/২০২১ ইং |
| গ) | উল্লেখিত তারিখে পূরণকৃত পরীক্ষার্থীদের অন-লাইনে এন্ট্রিকৃত বিবরণী ফরম, হিসাব বিবরণী ফরম এবং ইনকোর্স নম্বরের মূল কপি ও প্রিন্ট কপি বিষয়ওয়ারী আলাদাভাবে সিলগালা করে বিশ্ববিদ্যালয়ের/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে জমাদানের শেষ তারিখ ঃ | ১৬/১১/২০২১ ইং |

০২। আবেদন ফরম পূরণের নির্ধারিত ফি ঃ একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত অনুযায়ী এ পরীক্ষার পরীক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ে কোন ফি প্রদান করতে হবে না।

| ক্রম. | বিবরণ | নির্ধারিত ফি |
|---|---|---|
| ক) | কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থীর জন্য)-<br>i) এক পত্রকোড/কোর্স<br>ii) একাধিক পত্রকোড/কোর্স | <br>i) ২০০/- (দুইশত) টাকা<br>ii) ৩০০/- (তিনশত) টাকা |

**বিঃ দ্রঃ নির্ধারিত সময়ের পরে জরিমানা দিয়ে ফরম পূরণের কোন সুযোগ থাকবে না।**

*** কেন্দ্র ফি হিসেবে আদায়কৃত মোট অর্থের পরীক্ষার্থী প্রতি ৫০/- (পঞ্চাশ) টাকা নিজ কলেজের পরীক্ষা সংক্রান্ত খরচের জন্য রেখে পরীক্ষার্থী প্রতি অবশিষ্ট টাকা হারে নির্ধারিত পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট রোল নম্বর/রেজিঃ নম্বর বিবরণীসহ পরীক্ষা অনুষ্ঠানের ০৩ (তিন) দিন পূর্বেই জমা দিতে হবে।

০৩। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫ এবং ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে নিবন্ধিত যে সকল শিক্ষার্থী ২০১৯ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় সকল পত্রে/কোর্সে অংশগ্রহণ করে এক বা একাধিক পত্রে/কোর্সে অকৃতকার্য হয়েছে শুধুমাত্র সে সকল পরীক্ষার্থী এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

খ) অনার্স ১ম, ২য় ও ৩য় বর্ষের সকল পত্রকোডে/কোর্সে উত্তীর্ণ (সর্বনিম্ন গ্রেড **D** প্রাপ্ত) পরীক্ষার্থী এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

০৪। অনার্স পাঠ্যসূচী (**Syllabus**)ঃ

২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের বিএ, বিএসএস, বিবিএ, বিএসসি অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী এ পরীক্ষা অনুষ্ঠিত হবে।

০৫। অনলাইনে আবেদন ফরম পূরণের পদ্ধতি (পরীক্ষার্থীদের জন্য) ঃ

ক) আবেদনকারীকে নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট এ প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ফরম পূরণের আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড সহ প্রিন্টকৃত কপি আবেদনকারীকে কলেজের স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।

খ) আবেদনকারীকে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি আবেদন পত্রের সঙ্গে সংযুক্ত করে দিতে হবে।

০৬। আবেদন ফরম, বিবরণী ফরম ও ফি জমাদান ফরম সংগ্রহ ঃ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ফরম পূরণের আবেদন ফরম, সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (**Probable List**), **On-line** এ ডাটা নিশ্চয়ন করার পর বিষয়ওয়ারী পরীক্ষার্থীদের বিবরণী ফরম সংগ্রহ/প্রিন্ট করা যাবে।

ক) পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সরাসরি **Online**-এ সঠিক এন্ট্রি করা হয়েছে কি-না তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (**Probable List**), -এর সাথে যাচাই পূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলো বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে **College Log-in**-এ প্রবেশ করে নিশ্চয়ন করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ স্বাক্ষর করবেন। **Log-in**-এর জন্য ওয়েবসাইটে **College Profile**-কিংবা সংশ্লিষ্ট শাখা থেকে **User ID & Password** সংগ্রহ করা যাবে।

খ) প্রত্যেক পরীক্ষার্থীর সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) এর ০১ (এক) কপি অনলাইনে প্রিন্টকৃত আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা সংযোজন করতে হবে এবং অপর ০১ (এক) কপি ছবি স্ব-স্ব বিভাগে সংরক্ষণ করবেন। বিশ্ববিদ্যালয় থেকে প্রবেশপত্র সরবরাহের পর নির্দিষ্ট স্থানে আঠা দিয়ে ছবি লাগিয়ে তার উপর অধ্যক্ষ মহোদয় কর্তৃক সত্যায়নের পর প্রবেশপত্র বিতরণ করতে হবে।

গ) পরীক্ষার্থী কর্তৃক **On-line** এ পূরণকৃত আবেদন ফরম কলেজে জমা দিবেন। শুধু কলেজ কর্তৃক **On-line** নিশ্চয়নকৃত পরীক্ষার্থীদের প্রবেশপত্র ইস্যু করা হবে। নিশ্চয়ন সম্পন্ন হলে **On-line** এ পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট করতে হবে।

ঘ) ২০২০ সালের অনার্স ৪র্থ বর্ষ (বিশেষ) পরীক্ষা বিষয়ক বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে কার্যক্রম বন্ধ হয়ে যাবে বিধায় যথাসময়ে কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

০৭। বিবরণী ফরম জমার পদ্ধতিঃ-

বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে বিষয়ওয়ারী সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (**Probable List**) প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরম বিষয়ওয়ারী পরীক্ষার্থীদের বিবরণী ফরম/আবেদন ফরম মোতাবেক বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে সরাসরি **On-line** এ ডাটা এন্ট্রি করতে হবে। বিবরণী ফরমের তথ্য সঠিকভাবে এন্ট্রি করার পর প্রিন্ট কপি যাচাই করে এন্ট্রিকৃত বিবরণীর সাথে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি অনার্স বিষয়ওয়ারী আলাদা আলাদা ভাবে বাঁধাই করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায়/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে জমা দিতে হবে এবং এর এক সেট ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে। ডাকযোগে প্রেরিত বিবরণী ফরম গ্রহণ করা হবে না।

০৮। বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক কেন্দ্রসমূহের ঠিকানা ঃ

| | | |
|---|---|---|
| ঢাকা বিভাগের জন্যঃ<br>জাতীয় বিশ্বদ্যিালয়, গাজীপুর-১৭০৪।<br>ফোনঃ ০২-৯২৯১০৩১ | আঞ্চলিক কেন্দ্রঃ চট্টগ্রাম<br>এপিক গোল্ডেন ক্যাসকেড, ইস্পাহানি পার্ক রোড নং- ০১, দক্ষিণ খুলসি, চট্টগ্রাম<br>ফোনঃ ০৩১-২৫১৫৭২৪, ০১৭৪০-৯৪৪৬০৮ | আঞ্চলিক কেন্দ্রঃ রাজশাহী<br>বাড়ী#০৫, রোড#০১, গ্রীণ ভিলা, পারিজাত আ/এ, ভদ্রা, রাজশাহী।<br>ফোনঃ ০৭২১-৭৬২১৪১ |
| আঞ্চলিক কেন্দ্রঃ রংপুর<br>বাড়ী#৩৯০, ওয়ার্ড নং-০৯, জি এল রায় রোড কামাল কাছনা, রংপুর-৫৪০০।<br>ফোনঃ০৫২১-৫৬০১৫ | আঞ্চলিক কেন্দ্রঃ খুলনা<br>বাড়ী#২৭৭. রোড#০১,<br>কেডিএ সোনাডাঙ্গা আবাসিক এলাকা (২য় ফেজ), খুলনা-৯০০০। ফোনঃ ০৪১-৭৩৬৭৬ | আঞ্চলিক কেন্দ্রঃ বরিশাল<br>হোল্ডিং নং#০০০১০০০, ওয়ার্ড নং-১২, মেডিকেল কলেজ লেন, দক্ষিণ আলেকান্দা, বরিশাল-৮২০০। ফোনঃ ০৪৩১-৬১১৬৮ |
| আঞ্চলিক কেন্দ্রঃ সিলেট<br>আহাদ ভিলা, পাঠানটুলা পয়েন্ট, সিলেট।<br>ফোনঃ ০৮২১-৭২৯১০২ | | |

০৯। বিবিধ ঃ

ক) পরীক্ষার্থীদের পরীক্ষার হলে বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত মূল রেজিঃ কার্ড ও প্রবেশপত্র প্রদর্শন করতে হবে।
খ) পরীক্ষার সময়সূচী যথাসময়ে সংশ্লিষ্ট কলেজ/কেন্দ্র সমূহে প্রেরণ ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
গ) পরীক্ষার্থীরা নিজ নিজ কলেজ কেন্দ্রে পরীক্ষা দিতে পারবে না। অধ্যক্ষ মহোদয়গণ এ বিষয়ে পরীক্ষার্থীদের অবহিত করবেন।
ঘ) যে সব পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফরম পূরণ করবে তাদের কলেজ ও বিষয়ওয়ারী তালিকা ওয়েবসাইটে প্রবেশপত্র ইস্যুর পূর্বেই প্রকাশ করা হবে। কোন প্রকার সংশোধনী থাকলে প্রবেশপত্র ইস্যুর পূর্বেই সংশোধন করে নিতে হবে।

১২/১০/২০

(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
ফোনঃ ০২-৯২৯১০১৭
ই-মেইলঃ **controller@nu.ac.bd**

স্মারক নং-০-৫(১৮)জাতীঃ বিঃ/পরী/অনার্স পার্ট-৪/২০১৪/২০২০/২০২১/৩০০৯ তারিখঃ ১২/১০/২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। ডীন, স্নাতক পূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
২। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
৩। পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
৪। পরিচালক, জনসংযোগ তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
৫। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
৬। পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
৭। প্রক্টর, শৃঙ্খলা ও নিরাপত্তা দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
৮। অধ্যক্ষ, অনার্স পাঠদানকারী সংশ্লিষ্টসকল কলেজসমূহ;
৯। উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
১০। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
১১। সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
১২। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখা, গাজীপুর।
১৩। অফিস কপি।

(মোঃ কুদরত আলী)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
ফোনঃ ০২-৯২৯১০৩১
**E-mail: dchp4.nu@gmail.com**